আজকের পাঠে
তোমাদের স্বাগতম

শিক্ষক পরিচিতি

স্বদেশ মন্ডল
প্রধান শিক্ষক
চাঁদপাই মেছেরশাহ মাধ্যমিক বিদ্যালয়
মোংলা, বাগেরহাট।

ওগো তুমি, চিরকাল বিদেশ কাল কাটালে এই ছিল তোমার কপালে আমার পা। কাটিয়া গিয়াছে ঘরের চাল। ছিদ্র হইয়া গিয়াছে গাভীর পেট । দেখিলে মনে হয় খুব সত্তর বাচ্ছা দিবে তোমার বাবা। দাঁড়ি কাটিতে কাটিতে মুখ কাটিয়া ফেলিয়াছে ফুলজানের মা। রোজ বাসায় দুই কেজি করে দুধ দেয় তোমার পোষা কুত্তাটি। মারা গিয়াছে একথা জানিয়া তুমি অবশ্যই আসিবে না । আসিলে আমার মরা মুখ দেখিবে। ইতি তোমার প্রিয়া।

বিরাম-চিহ্ন

আজকের পাঠ

বিরাম-চিহ্ন

শিখনফল

(1) বিরাম-চিহ্নের নাম ও আকৃতি নির্দেশ করতে পারবে।

(2) সঠিক ভাবে বিরাম-চিহ্ন ব্যবহার করতে পারবে।

(3) বিরাম-চিহ্ন কাকে বলে? লিখতে পারবে।

লিখিত বাক্যে অর্থ সুস্পষ্টভাবে প্রকাশ করে মানুষের আবেগ, অনুভূতি ইত্যাদি ব্যক্ত করার জন্য যে চিহ্নসমুহ ব্যবহার করা হয় তাকে বিরামচিহ্ন বলে। একে যতি চিহ্ন বা ছেদ চিহ্ন বলা হয়।

যেমনঃ-এখনে দাঁড়িয়ে থাকবেন না , থাকিলে পাঁচশত টাকা জড়িমানা।

ব্যাকরণের যে চিহ্নগুলো ব্যবহৃত হয়
সেগুলোকে ব্যকরনিক চিহ্ন বলে। যথা-
(ক)ধাতু বোঝাতে (·) চিহ্ন।
(খ) পরবর্তী শব্দ থেকে উৎপন্ন বোঝাতে
(<) চিহ্ন।
(গ) পূর্ববর্তী শব্দ থেকে উৎপন্ন বোঝাতে
(>) চিহ্ন।
(ঘ) সমানবাচক বা সমস্তবাচক বোঝাতে
(=) চিহ্ন।

কমা	=	(,)
সেমিকমা	=	(;)
দাঁড়ি	=	(।)
জিজ্ঞাসা	=	(?)
বিস্ময়	=	(!)
কোলন	=	(:)

কোলন ড্যাস	=	(:-)
ড্যাস	=	(-)
হাইফেন	=	(_)
উদ্ধরণচিহ্ন	=	(“ “)
বিকল্প	=	(/)
ইলেক	=	(')

দাঁড়ি

আমরা বাংলাদেশে বাস করি।

জিজ্ঞাসা

কেমন আছ?

বিস্ময়

আহা ! কী সুন্দর দৃশ্য !

কমার (,) ব্যবহার

বাক্যের অর্থ স্পষ্ট করার জন্য কমা বসে। যেমনঃ সুখ চাও, সুখ পাবে পরিশ্রমে।

বাক্যে সম্বোধনের পর কমা বসে। যেমনঃ সাবা, পড়তে বসো।

বাক্যে উদ্ধারচিহ্নের আগে কমা বসে। যেমনঃ মা বললেন, “অঙ্ক করতে বসো।

সেমিকোলনের (;) ব্যবহার

দুটো বাক্যের মধ্যে ভাব বা অর্থের সম্বন্ধ থাকলে সেমিকোলন বসে। যেমনঃ দিনটা ভালো নয়; মাঝে মাঝে বৃষ্টি পড়ছে।

একাধিক বাক্য সংযোজক অব্যয়ের দ্বারা যুক্ত না হলে সেমিকোলন বসে বসে। যেমনঃ আগে স্কুলের পড়া; পড়ে গল্পের বই।

যেসব অব্যয় বৈপরীত্য বা অনুমান প্রকাশ করে, তাদের আগে সেমিকোলন বসে। যেমনঃ মনোযোগ দিয়ে পড়; তাহলেই ভাল ফল করবে।

কোলনের (:) ব্যবহার

উদাহারণ বা দৃষ্টান্ত বোঝাতেঃ
বাংলা সন্ধ দুপ্রকারঃ স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্দ্বি।

উদ্ধৃতির আগেঃ
রবীন্দ্রনাথ বলেছেনঃ মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে।

নাটকের সংলাপের আগেঃ
দুকড়িঃ কী চা?
কাঙ্গালিঃ আজ্ঞে, মহাশয় হচ্ছেরন দেশহিতৈষী।

হাইফেনের (-) ব্যবহার

দুটো শব্দের সংযোগ বোঝাতে হাইফেন বসে। যেমনঃ আমার মা-বা বেড়াতে গেছেন।

সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখাবার জন্য হাইফেন বসে। যেমনঃ আমাদের প্রীতি-উপহার গ্রহণ করুন।

[illegible] হাইফেন বসে। যেমনঃ বাংলাদেশ [illegible]

নিচের বাক্যের সাথে চিহ্নের মিলাইয়া দেখি

1. তোমার নাম কী

2. হায় তাহার পিতা ইন্তেকাল করেছেন।

3. আমি আমার মাকে খুব ভালবাসি

4. আমি সাধারণত সকালের নাস্তা জেলি রুটি ডিম এবং চা পান করি ।

5.আমার আপা বলল, আমি দেশকে ভালবাসি

!

“ ”

?

।

,

দলীয় আলোচনা করে দৃষ্টান্তসহ উপস্থাপন কর , বাক্যে কোথায় কোথায় ড্যাস ও হাইফেন বসে?

ওগো তুমি, চিরকাল বিদেশ কাল কাটালে এই ছিল তোমার কপালে আমার পা। কাটিয়া গিয়াছে ঘরের চাল। ছিদ্র হইয়া গিয়াছে গাভীর পেট । দেখিলে মনে হয় খুব সত্তর বাচ্ছা দিবে তোমার বাবা। দাঁড়ি কাটিতে কাটিতে মুখ কাটিয়া ফেলিয়াছে ফুলজানের মা। রোজ বাসায় দুই কেজি করে দুধ দেয় তোমার পোষা কুত্তাটি। মারা গিয়াছে একথা জানিয়া তুমি অবশ্যই আসিবে না । আসিলে আমার মরা মুখ দেখিবে। ইতি তোমার প্রিয়া।

ওগো, তুমি চিরকাল বিদেশ কাল কাটালে, এই ছিল তোমার কপালে। আমার পা কাটিয়া গিয়াছে। ঘরের চাল ছিদ্র হইয়া গিয়াছে। গাভীর পেট দেখিলে মনে হয় খুব সত্তর বাচ্ছা দিবে। তোমার বাবা দাঁড়ি কাটিতে কাটিতে মুখ কাটিয়া ফেলিয়াছে। ফুলজানের মা রোজ বাসায় দুই কেজি করে দুধ দেয়। তোমার পোষা কুত্তাটি মারা গিয়াছে। একথা জানিয়া তুমি অবশ্যই আসিবে। না আসিলে আমার মরা মুখ দেখিবে। ইতি-
তোমার প্রিয়া।

মূল্যায়ন

1) হৃদয়াবেগ প্রকাশ করতে কোন চিহ্ন লাগে?
2) কোন বিরামচিহ্নটির বিরতিকাল নেই?
3) বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে?
4) বাক্যে কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কী বসে?
5) উদহারণ বা দৃষ্টান্ত প্রয়োগ করতে গেলে কোন চিহ্ন ব্যবহার করতে হয়?
6) বাক্যের শেষে কোন কোন চিহ্ন ব্যাবহৃত হয়?
7) বাক্যের মাঝে কোন কোন চিহ্ন ব্যাবহৃত হয়?



নিচের অনুচ্ছেদে বিরামচিহ্ন বসাওঃ যুবক বলিল কি সে কাজ আমি তাহা জানিতে পারি না কৃপা করিয়া আমাকে তাহা জানিতে দাও অভিন্নহৃদের ন্যায় প্রাণ দিয়াও আমি

ধন্যবাদ